

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের “নৈতিকতা কমিটির” ১১/০৬/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৭-১৮ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার এ মন্ত্রণালয়ের ‘নৈতিকতা কমিটি’র ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন/২০১৮) সভা ১১/০৬/২০১৮ তারিখে কমিটির সভাপতি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’-তে সন্নিবেশিত।


০২। সভাপতি মহোদয় সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
(ক)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের NIS Focal Point অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৭-১৮ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mowca.gov.bd) দেয়া আছে। তিনি বলেন কর্মপরিকল্পনায় প্রত্যেক শাখা এবং অধিশাখার কাজ নির্ধারিত রয়েছে তা নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা প্রয়োজন। তা-না হলে কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রণালয় পিছিয়ে পড়তে পারে। এ পর্যায়ে সভায় উপস্থিত কর্মকর্তাগণ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদনের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। সভাপতি মহোদয় মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৭-১৮ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার অভিমত ব্যক্ত করেন। এ লক্ষ্যে মন্ত্রণালয়ের সকল দপ্তর/ সংস্থা/ শাখা কর্তৃক Time bound action plan এর মাধ্যমে যথাসময়ে সম্পন্ন করতঃ বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পূর্বেই NIS Focal Point এর নিকট দাখিল করা প্রয়োজন।	মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৭-১৮ অনুযায়ী সকল দপ্তর/ সংস্থার প্রধান এবং মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা তাঁর দপ্তর/ শাখা সংশ্লিষ্ট বিষয় যথাসময়ে সম্পন্ন করতঃ ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পরবর্তী মাস অর্থাৎ ০৫/০৭/২০১৮ তারিখের মধ্যে NIS Focal Point এর নিকট দাখিল করবেন।
(খ)	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৭-১৮ এর ১.৪ নং ক্রমিকে বর্ণিত অংশীজনের অংশগ্রহণের ৪র্থ কোয়ার্টারে একটি সভা আয়োজন আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	অংশীজনের অংশগ্রহণের ৪র্থ কোয়ার্টারের সভাটি মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ের ১০জন, জাতীয় মহিলা সংস্থার ১০জন এবং বাংলাদেশ শিশু একাডেমীর ৫জন কর্মকর্তাদের নিয়ে আগামী ২৬/০৬/২০১৮ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় জাতীয় মহিলা সংস্থা কর্তৃক আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
(গ)	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৭-১৮-এ ৬.২ নং ক্রমিকে ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে এ মন্ত্রণালয় কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা অনুযায়ী কমপক্ষে ২টি উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়।	এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৭-১৮-এ ৬.২ নং ক্রমিকে ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে এ মন্ত্রণালয় কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা অনুযায়ী কমপক্ষে ২টি উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে আগামী ০৫/০৭/২০১৮ তারিখের মধ্যে জানানোর জন্য ইনোভেশন টিমকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

পূর্ব গুষ্ঠার পর:

ক্রমিক	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
(ঘ)	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৭-১৮ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রমসমূহের সাথে সংশ্লিষ্ট শাখাসমূহের কার্যক্রম নিয়ে আলোচনা হয়।	জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০১৭-১৮ এ বণিত কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট শাখাসমূহের বাস্তবায়ন অগ্রগতি ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন/২০১৮) সমাপ্তির পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
(ঙ)	এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ সভায় উপস্থাপন করেন এবং আগামী ২০/০৬/২০১৮ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে কর্ম-পরিকল্পনা প্রেরণে করতে হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুত করে যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোছিনা বেগম এনডিসি)
সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নং-৩২.০০.০০০০.০১৮.১৬.০২৫.১৭-৪৩৩

তারিখ : ১৪/০৬/২০১৮ খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইন্সটন গার্ডেন রোড, ঢাকা।
- ০২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
- ০৩। যুগ্মসচিব (সকল) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। উপসচিব/ উপপ্রধান (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্বর সড়ক, ঢাকা।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সি: সহকারী সচিব/ সি: সহকারী প্রধান (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। সহকারী সচিব/ সহকারী প্রধান (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন ও পরি:/ শিশু ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ জাহাজীর হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৪০১০৬